



# কাঁকনহাট পৌরসভা কার্যালয়

গোদাগাড়ী, রাজশাহী।

E-mail: [kakonhatpourashava555@gmail.com](mailto:kakonhatpourashava555@gmail.com)

Website: [www.kakonhatpourashava555.com](http://www.kakonhatpourashava555.com)

মোবাইলঃ ০১৭৩১৪২৬২৮২



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪৩.৮১৩৪.০৫৫.১৮.০০৭.২০-৩১৩

তারিখঃ ০৯/১১/২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৫.২৩-১৬৫২, তাং- ০৭/১১/২০২৩ খ্রিঃ মোতাবেক পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ পূর্বক কাঁকনহাট পৌরসভার নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	স্যানিটারী ইন্সপেক্টর	০১	১১০০০-২৬৯৫০/- (গ্রেড-১৩)	এইচ.এস.সি পাশ সহ মেডিকেল টেকনোলোজিতে স্যানিটারী ইন্সপেক্টরশীপ। তবে ০৩ বছর মেয়াদী কোর্স সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে ০১ বছর বা সমমানের কোর্স সম্পন্ন প্রার্থীকে নিয়োগ করা হবে। সেক্ষেত্রে বেতন ক্রম ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) হবে।
০২	স্টোর কিপার	০১	৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ স্টোর রক্ষণাবেক্ষণে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।
০৩	সহকারী কর আদায়কারী	০১	৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।
০৪	সার্ভেয়ার	০১	৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ারশিপ অথবা সাব-ওভারশিপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
০৫	নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর	০১	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ ও ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
০৬	অফিস সহায়ক	০১	৮২৫০-২০১০০/- (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী পাশ ও সূঠাম দেহের অধিকারী হতে হবে।

## শর্তাবলী

- প্রার্থীকে সাদা কাগজে স্ব-হস্তে/কম্পিউটার কম্পোজকৃত দরখাস্ত আগামী ০৩/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মেয়র, কাঁকনহাট পৌরসভা, রাজশাহী বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। হাতে হাতে/সরাসরি কোন প্রকার আবেদনপত্র গ্রহন করা হবে না।
- প্রার্থীর বয়স ০৩/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিড গ্রহনযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে), সিটি কর্পোরেশন কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জন্ম নিবন্ধন সনদ, চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।
- আবেদন পত্রের সাথে মেয়র, কাঁকনহাট পৌরসভা, রাজশাহী এর অনুকূলে উপরে বর্ণিত ক্রমিক নং ০১-০৫ এর জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ক্রমিক নং ০৬ এর জন্য ২০০/- (দুইশত) টাকার যে কোন তফসিলি ব্যাংক হতে অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে। আবেদন পত্রে পে অর্ডার/ব্যাংক ড্রাফট নং, তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখ করতে হবে।
- লিখিত/মৌখিক/ব্যবহারিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

- ৯। ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন প্রত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
- ১০। কোন প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১১। এই নিয়োগের ক্ষেত্রে পৌরসভা কর্মচারী বিধিমালা, ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। পরীক্ষার প্রার্থী বাছাইয়ের নিমিত্তে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) তারিখ, সময় সূচী, স্থান ও “প্রবেশ প্রত্র” প্রার্থীকে ডাকবিভাগের মাধ্যমে প্রেরণ করা হবে।
- ১২। এই নিয়োগ প্রক্রিয়ার সর্বময় ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সর্বদা সংরক্ষণ করে।
- ১৩। সাক্ষাৎকার গ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস এর মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ১৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৫। কোন প্রকার তথ্য গোপন/ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগের আদেশ বাতিল করতঃ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। আবেদনের সাথে ১০” X ৪” সাইজের ১০/- (দশ) টাকা মূল্য মানের ডাকটিকিট সহ খামের ডান পার্শ্বে আবেদনকারীর ঠিকানা সম্বলিত একটি ফেরত খাম প্রদান করতে হবে।
- ১৭। নিয়োগকৃত কর্মচারীর বেতন, ভাতাদি পৌরসভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।
- ১৮। পৌর কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পূর্ণ বা আংশিক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



(এ, কে, এম আতাউর রহমান খান)

মেয়র

কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।